

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 01-09-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে সন্ত্রাসবাদের বিরুদ্ধে দ্বিমুখী নীতি গ্রহণযোগ্য নয়।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থাকে আরো শক্তিশালী করার ক্ষেত্রে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ মাইসুরুতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ স্পিচ অ্যান্ড হিয়ারিং-এর হীরক জয়ন্তী উদযাপন অংশ নেন।
- (৪) দুদিনব্যাপী দক্ষিণ জেলাভিত্তিক কলা উৎসব আজ থেকে বিলোনিয়া টাউন হলে শুরু হয়েছে।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে সন্ত্রাসবাদের বিরুদ্ধে দ্বিমুখী নীতি গ্রহণযোগ্য নয়। তিয়ানজিনে এসসিও শীর্ষ সম্মেলনে তার বক্তব্যে, শ্রী মোদী সন্ত্রাসবাদকে মানবতার জন্য একটি বিশাল চ্যালেঞ্জ বলে অভিহিত করে বলেন, সকল ধরনের সন্ত্রাসবাদের নিন্দা করা উচিত। শ্রী মোদী বলেন, ভারত গত চার দশক ধরে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করে আসছে। পহেলগাম সন্ত্রাসী হামলার পর যে সমস্ত দেশ ভারতের পাশে দাঁড়িয়েছে তিনি তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

#####Byte-PM#####

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে এসসিও-র সদস্য হিসেবে ভারত অত্যন্ত ইতিবাচক ভূমিকা পালন করেছে। তিনি আরও বলেন যে এসসিও-র জন্য

ভারতের দৃষ্টিভঙ্গি, নিরাপত্তা, সংযোগ এবং সুযোগ এই তিনটি গুরুত্বপূর্ণ নীতির স্তম্ভের উপর ভিত্তি করে তৈরি।

এসসিও শীর্ষ সম্মেলনের সময় প্রধানমন্ত্রী মোদী রাশিয়ার রাষ্ট্রপতি ব্লাদিমির পুতিন এবং চীনের রাষ্ট্রপতি শি জিনপিংয়ের সঙ্গেও মত বিনিময় করেন।

\*\*\*\*\*

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থাকে আরো শক্তিশালী করার ক্ষেত্রে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। আজ অরুন্ধতীনগরস্থিত স্টেট পঞ্চায়েত রিসোর্স সেন্টারে পঞ্চায়েত রাজ সক্ষমতা বৃদ্ধি উপর দুদিনের প্রশিক্ষণ কর্মসূচি সূচনা করে তিনি একথা বলেন। তিনি বলেন, গ্রামীণ ব্যবস্থা শক্তিশালী হলে রাজ্য ও দেশ মজবুত হবে। ত্রিস্তর পঞ্চায়েতের স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিয়ে কাজ করার জন্য তিনি নির্বাচিত জনপ্রতিনিধিদের পরামর্শ দেন। তিনি বলেন, পঞ্চায়েতি রাজ ব্যবস্থায়, ত্রিপুরা সাতটি বিষয়ে জাতীয় পুরস্কার পেয়েছে। তাতেই বোঝা যায়, সরকার সঠিক দিশায় কাজ করছে।

#####Byte-CM#####

অনুষ্ঠানে পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণ বলেন, সরকারের মূল লক্ষ্য হচ্ছে বিভিন্ন প্রকল্প সঠিক বাস্তবায়নের মধ্য দিয়ে গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করা। সরকারের ভাবমূর্তি আরো উজ্জ্বল করতে ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদের আরো দায়িত্ব নিয়ে জনকল্যানমুখী কাজে অংশ গ্রহণ করতে হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পঞ্চায়েত দপ্তরের সচিব অভিষেক সিং, ভারত ইনিশিয়েটিভ ফাউন্ডেশন এর অধিকর্তা নীরব কুমার কে গীলানি। অনুষ্ঠানে রাজ্যের আট জেলার ত্রিস্তর পঞ্চায়েতের নির্বাচিত জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

**Financial Literacy Camp :**

জনগণের মধ্যে আর্থিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আজ কানাড়া ব্যাংকের উদ্যোগে উদয়পুরে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে প্রধানমন্ত্রী জনধন যোজনা, প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা প্রকল্পগুলি নিয়ে ব্যাংকের কর্মকর্তাগণ বক্তব্য রাখেন। একইসঙ্গে ব্যাংকিং পরিষেবার ক্ষেত্রে প্রতারকদের হাত থেকে রক্ষা পাবার বিষয়ে নানা সতর্কতামূলক ব্যবস্থা নিয়ে তারা বক্তব্য রাখেন। এই শিবিরে উদয়পুর মহকুমার স্ব-সহায়ক দলের সদস্যরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Career Counselling :**

শান্তিরবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে মহকুমার স্নাতক যুবক-যুবতীদের নিয়ে ক্যারিয়ার কাউন্সেলিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন মহকুমা শাসক মনোজ কুমার সাহা। বেকার ছেলেমেয়েদের ভবিষ্যত গড়তে সঠিক দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে আয়োজিত কর্মসূচিতে প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি ও পরীক্ষা দান পদ্ধতি প্রসঙ্গে বিশদে আলোচনা করেন মহকুমা শাসক মনোজ কুমার সাহা, জোলাইবাড়ি ব্লকের বিডিও নবব্রত দত্ত, বকাফা ব্লকের বিডিও মনোজ পাল প্রমুখ।

\*\*\*\*\*

### **Voice Over-INA FOUNDATION DAY :**

আজাদ হিন্দ ফৌজ। ভারতের স্বাধীনতা আন্দোলনের আগুনঝরা সময়ে ইংরেজদের বিদায়কে স্বরান্বিত করতে এই বাহিনীর জন্ম। ১৯৪২ এর পয়লা সেপ্টেম্বর চির বিপ্লবী রাসবিহারী বসুর হাত ধরে জাপানের টোকিওতে আত্মপ্রকাশ করে ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স লীগের সামরিক শাখা ইন্ডিয়ান ন্যাশনাল আর্মি বা আজাদ হিন্দ ফৌজ। একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## PRESIDENT :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ কর্ণাটকের মাইসুরুতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ স্পিচ অ্যান্ড হিয়ারিং, AIIISH এর হীরক জয়ন্তী উদযাপন অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, অন্যান্য সমস্যার মতো, বাকশক্তি ও শ্রবণশক্তি সম্পর্কিত সমস্যাগুলির জন্যও বিশেষজ্ঞদের প্রাথমিক পর্যায়ে লক্ষণগুলি সনাক্ত এবং নির্ণয়ের প্রয়োজন। তিনি বলেন এ বিষয়ে সমাজের সচেতন হওয়া উচিত এবং বাকশক্তি ও শ্রবণশক্তিজনিত সমস্যায় ভুগছেন এমন ব্যক্তিদের প্রতি সহযোগিতা ও সহানুভূতির মনোভাব পোষণ করা উচিত। AIIISH এই সমস্ত ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে তিনি সন্তোষ প্রকাশ করেন। রাষ্ট্রপতি বলেন, বাক ও শ্রবণ প্রতিবন্ধকতা দূরীকরণে সর্বশেষ প্রযুক্তির ব্যবহার খুবই সহায়ক প্রমাণিত হবে।

রাষ্ট্রপতি বলেন, বিভিন্ন কল্যাণমূলক উদ্যোগের মাধ্যমে সরকার দিব্যাঙ্গদের জন্য একটি বাধামুক্ত পরিবেশ তৈরি করছে যাতে তারা কোনও অসুবিধা ছাড়াই তাদের জীবনে অগ্রগতি করতে পারে। 'সুগম্য ভারত অভিযান'-

এর আওতায়, প্রতিবন্ধী ব্যক্তিদের অগ্রগতি ও উন্নয়নের জন্য সমান সুযোগ প্রদানের প্রচেষ্টা চালানো হচ্ছে। রাষ্ট্রপতি AIISH-এ চিকিৎসাধীন দিব্যাঙ্গ শিশুদের সঙ্গে এবং চিকিৎসা গ্রহণের পর বিভিন্ন ক্ষেত্রে সফল দিব্যাঙ্গ ব্যক্তিদের সঙ্গে মতবিনিময় করেন।

\*\*\*\*\*

#### **Semicon India-2025 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১০টায় নতুন দিল্লির যশোভূমিতে 'সেমিকন ইন্ডিয়া-২০২৫'-এর উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী তেসরা সেপ্টেম্বর সকাল প্রায় সাড়ে নয়টা থেকে সম্মেলনে অংশ নেবেন এবং তিনি সি.ই.ও.-দের গোলটেবিল বৈঠকেও অংশ নেবেন।

২রা থেকে ৪ঠা সেপ্টেম্বর পর্যন্ত তিন দিনের এই সম্মেলনে ভারতে একটি শক্তিশালী, স্থিতিস্থাপক এবং সুস্থায়ী সেমিকন্ডাক্টর ইকোসিস্টেমের অগ্রগতির দিকে মনোনিবেশ করা হবে। এতে সেমিকন ইন্ডিয়া প্রোগ্রামের অগ্রগতি, সেমিকন্ডাক্টর ফ্যাব এবং উন্নত প্যাকেজিং প্রকল্প, পরিকাঠামো প্রস্তুতি, স্মার্ট উৎপাদন, গবেষণা ও উন্নয়ন এবং কৃত্রিম বুদ্ধিমত্তার উদ্ভাবন, বিনিয়োগের সুযোগ, রাজ্য-স্তরের নীতি রূপায়ণ সহ তৎসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হবে।

\*\*\*\*\*

#### **NCERT :**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান শিক্ষা ব্যবস্থায় ডিজিটাইজেশনের একীকরণ এবং কৃত্রিম বুদ্ধিমত্তা প্রবর্তনের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। আজ নতুনদিল্লিতে জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, এনসিইআরটির ৬৫তম প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় শ্রী প্রধান একথা বলেন। এই উপলক্ষে, শ্রী প্রধান দেশব্যাপী শিক্ষার মান এবং পাঠ্যক্রম উন্নয়নের জন্য পিএম ইবিদ্যা মোবাইল অ্যাপ্লিকেশন, দীক্ষা দ্বিতীয় পর্ব এবং অন্যান্য বিভিন্ন উদ্যোগের সূচনা করেন। শ্রী প্রধান

ভারতের শিক্ষাক্ষেত্রের অগ্রগতিতে এনসিইআরটি-র ভূমিকারও প্রশংসা করেন।

#####Byte- Dharmendra Pradhan#####

\*\*\*\*\*

#### **Anil Sarkar :**

ত্রিপুরা তপশিলি জাতি সমন্বয় সমিতির উদ্যোগে আজ আগরতলার সিটি সেন্টার প্রাঙ্গণে রাজ্যের প্রাক্তন মন্ত্রী অনিল সরকারের ৮৭তম জন্মদিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক। তিনি বলেন, সমাজের পিছিয়ে পড়া অংশের জনগনের স্বার্থে তিনি কাজ করে গেছেন।

\*\*\*\*\*

#### **Law Clerk Association :**

ত্রিপুরা ল ক্লার্ক এসোসিয়েশনের দ্বি-বার্ষিক নির্বাচন আগামী ১২ই সেপ্টেম্বর আগরতলায় অনুষ্ঠিত হবে। মোট ১৩টি পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য ৩২ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

\*\*\*\*\*

#### **District Level Kala Utsav :**

দুদিনব্যাপী দক্ষিণ জেলাভিত্তিক কলা উৎসব আজ থেকে বিলোনিয়া টাউন হলে শুরু হয়েছে। আজ উৎসবের প্রথম দিনে লোকনৃত্য, লোক সংগীত ও চিত্রকলা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উৎসবের উদ্বোধন করেন বিধায়ক স্বপ্না মজুমদার।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর

কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*